



## বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬ ৫ম সমাবর্তন-২০২০

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি)-এর ৫ম সমাবর্তন-২০২০ আগামী ০৬ জানুয়ারি ২০২০, সোমবার বিকাল ০৩.৩০ ঘটিকায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। সমাবর্তনে নিম্নে উল্লেখিত সময়কাল ও প্রোগ্রামের গ্র্যাজুয়েটগণ অংশগ্রহণ করতে পারবেন:

সময়কাল: ১৬ নভেম্বর ২০১৭ হতে ৩০ জুন ২০১৯ তারিখ পর্যন্ত যাঁদের ফলাফল প্রকাশিত হয়েছে তাঁরা সমাবর্তনে অংশগ্রহণ করতে পারবেন। রেজিস্ট্রেশনের যোগ্য নিম্নেবর্ণিত প্রোগ্রামসমূহের প্রার্থীদের নামীয় তালিকা বিইউপি ওয়েবসাইটে পাওয়া যাবে:

ক। **ব্যাচেলর প্রোগ্রামসমূহ:** বিইউপির অঙ্গীভূত ফ্যাকাল্টি ও অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহে পরিচালিত বিএসএস (অনার্স) ইন ইকনোমিক্স/ ডিএইচএসএম/ আইআর; বিবিএ; বিএসসি ইন আইসিই; বিএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/ অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং/ নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং/ বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং/ নিউক্লিয়ার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ সিভিল অ্যান্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং/সিভিল অ্যান্ড ওয়াটার রিসোর্সেস ইঞ্জিনিয়ারিং; এমবিবিএস; বিএসসি ইন নার্সিং; বিএসসি ইন নার্সিং (পোস্ট বেসিক); বিএসসি ইন মিলিটারি স্টাডিজ; বিএসএড; বিএসসি (অনার্স) ইন মেরিটাইম সাইন্স; বিবিএ ইন লজিস্টিক্স অ্যান্ড ম্যানেজমেন্ট; বিএসসি (অনার্স) ইন অ্যারোনটিক্স; বিএ (পাস); বিএসসি (পাস); বিএসএস (পাস); বিওডিএস (পাস) এবং বিওএসএস (পাস) প্রোগ্রামসমূহ।

খ। **মাস্টার্স প্রোগ্রামসমূহ:** বিইউপির অঙ্গীভূত ফ্যাকাল্টি ও অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহে পরিচালিত এমএসডিএস; এমএসসি ইন মিলিটারি স্টাডিজ; এমপিএইচ; এমএসসি (এমএসএজি); এমবিএ; ইভিনিং/প্রফেশনাল এমবিএ; মাস্টার অব এন্সপ্রোসিড অর্ডন্যান্স; এলএল.এম; এমআইএসএস; এমআইসিটি; এম/এমএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এবং পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা প্রোগ্রামসমূহ।

গ। **এমফিল ও পিএইচডি প্রোগ্রামসমূহ:** বিইউপির অঙ্গীভূত ফ্যাকাল্টি ও অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহে পরিচালিত এমফিল ও পিএইচডি প্রোগ্রামসমূহ।

বিইউপির [convocation.bup.edu.bd](http://convocation.bup.edu.bd) ওয়েব-লিঙ্কের মাধ্যমে সমাবর্তনের রেজিস্ট্রেশন ফরম পূরণ করা যাবে। রেজিস্ট্রেশন ফরমে আবেদনকারীর পাসপোর্ট সাইজ ছবি আপলোড করতে হবে। সমাবর্তনের রেজিস্ট্রেশন ও আনুষঙ্গিক ফি বাবদ ৩,৫০০/- (টাকা তিন হাজার পাঁচশত মাত্র) ট্রাস্ট ব্যাংক লিমিটেডের “BUP CONVOCATION MANAGEMENT FUND” হিসাব নং **7017-0311022002** এর অনুকূলে বাংলাদেশে অবস্থিত ট্রাস্ট ব্যাংক লিমিটেডের যেকোনো শাখায় নগদ জমা দেওয়া যাবে। ফি জমাদানের মূল রসিদে প্রার্থীর নিজস্ব মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। ট্রাস্ট ব্যাংকে টাকা জমা দেওয়ার পর একটি TRACE নম্বর দেওয়া হবে। রেজিস্ট্রেশন ফরম পূরণ করার সময় ফরমে উক্ত TRACE নম্বরটি (জমাদানের তারিখসহ) অবশ্যই উল্লেখ করতে হবে। সমাবর্তনে একজন অংশগ্রহণকারী একজন অতিথি সঙ্গে আনতে পারবেন এবং উক্ত অতিথির নাম ও ঠিকানা রেজিস্ট্রেশন ফরমে অবশ্যই উল্লেখ করতে হবে। কোনো প্রার্থী রেজিস্ট্রেশন ফরমে অতিথির নাম উল্লেখ না করলে পরবর্তীতে অন্তর্ভুক্ত করা যাবে না কিংবা অতিথির নাম পরিবর্তন করাও যাবে না। সমাবর্তনের রেজিস্ট্রেশন ফরম পূরণের শেষ তারিখ ৩০ অক্টোবর ২০১৯।

সমাবর্তন কন্সটিউম ও আনুষঙ্গিক দ্রব্যাদি আগামী ০১, ০২, ০৩ ও ০৪ জানুয়ারি ২০২০ (প্রতিদিন সকাল ০৯.০০-বিকেল ০৪.০০ ঘটিকা) এর মধ্যে বিইউপি থেকে সংগ্রহ করতে হবে। কন্সটিউম গ্রহণ করার সময় ফি জমা দেওয়ার মূল রসিদ, সাময়িক সনদপত্রের মূলকপি/মূল সনদপত্রের মূলকপি এবং [convocation.bup.edu.bd](http://convocation.bup.edu.bd) হতে সংগৃহীত **ACKNOWLEDGEMENT RECEIPT** জমা দিতে হবে। যে সকল গ্র্যাজুয়েট ইতোমধ্যে মূল সনদপত্র সংগ্রহ করেছেন তাঁরাও পূর্বে গ্রহণকৃত মূল সনদপত্র ফেরত প্রদান সাপেক্ষে সমাবর্তনে অংশগ্রহণ করতে পারবেন। সমাবর্তন সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্যে বিইউপি ওয়েবসাইট ([www.bup.edu.bd](http://www.bup.edu.bd)) ভিজিট করা যেতে পারে।

সমাবর্তনে অংশগ্রহণকারী গ্র্যাজুয়েটদের অবশ্যই কন্সটিউম পরিধান করতে হবে। সমাবর্তন মহড়া আগামী ০৬ জানুয়ারি ২০২০ (সোমবার) সকাল ১০.০০ ঘটিকায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে।

সমাবর্তন সংক্রান্ত বিষয়ে অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ শওকত ওসমান এর সাথে ০১৭৬৯০২৮৭৯৮ নম্বরে এবং অনলাইন রেজিস্ট্রেশন সংক্রান্ত বিষয়ে জটিলতা নিরসনকল্পে আইসিটি সেন্টারের সাথে ০১৭৬৯০২৮৭৯৯ নম্বরে যোগাযোগ করা যাবে।

ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মাহবুব সরওয়ার  
রেজিস্ট্রার